অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/4/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

স্টেট জুড়ে বিক্ষোভ সমাবেশে উপস্থিত যে কাউকে অন্তর্ভুক্ত করার জন্য স্টেট তার COVID-19 পরীক্ষার মানদণ্ড সম্প্রসারিত করছে বলে জানিয়েছেন গভর্নর কুওমো

ঘোষণা করেছেন লুটপাটের ফলে ক্ষতিগ্রস্থ নিউ ইয়র্কের ব্যবসাগুলি এবং গ্রাহকদের সহায়তা করার জন্য বীমার দাবির সমাধান এবং তার প্রদান ত্বরান্বিত করতে জরুরি বিধি জারি করবে ডিপার্টমেন্ট অফ ফাইনান্সিয়াল সার্ভিসেস

স্টেট ড্রাইভ-ইন এবং ড্রাইভ-থ্রু গ্রাজুয়েশন অনুষ্ঠানের অনুমতি দিচ্ছে

এই গ্রীষ্ম এবং শরৎকালীন শিক্ষার্থীদের নতুন কোহোর্টসের জন্য প্রস্তুতি হিসেবে আগামী 22শে জুন পুরো স্টেটে মেডিকেল স্কুলগুলো খুলতে চলেছে

মিড-হাডসন ভ্যালী, মঙ্গলবার, 9ই জুন পুনরায় খোলার দ্বিতীয় ধাপে প্রবেশ করার পথে নিজেদের বলবত রেখেছে, এবং লং আইল্যান্ড 10ই জুন পুনরায় খোলার দ্বিতীয় ধাপে প্রবেশ করার পথে নিজেদের বলবত রেখেছে

নিউ ইয়র্ক স্টেটে আরো 1,048 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 33 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 375,133-তে নিয়ে আসে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে স্টেট জুড়ে সাম্প্রতিক কোন বিক্ষোভে অংশ নিতে যাওয়া কোনও ব্যক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য COVID-19 পরীক্ষার মানদণ্ড সম্প্রসারিত হচ্ছে। গভর্নর প্রতিবাদ সমাবেশে উপস্থিত যে কোন ব্যক্তিকে পরীক্ষায় করাতে উৎসাহিত করেছেন। COVID-19 এর জন্য কোথায় এবং কিভাবে পরীক্ষা করানো যায় তার আরও তথ্য https://coronavirus.health.ny.gov এ পাওয়া যাবে।

গভর্নর আরো ঘোষণা দেন, সুপার স্টর্ম স্যান্ডির পরবর্তী সময়ে প্রয়োগ করা অনুরূপ জরুরি ত্রাণের উপর ভিত্তি করে নিউ ইয়র্ক স্টেট নিয়ন্ত্রিত বীমা কোম্পানিকে প্রয়োজন অনুযায়ী লুটপাট ও ভাংচুরের ফলে ক্ষতিগ্রস্ত ব্যবসা প্রতিষ্ঠান ও ক্রেতাদের সাহায্য করার জন্য রাজ্যের আর্থিক পরিষেবা বিভাগ জরুরি বিধি জারি করবে। জরুরি বিধি দ্বারা প্রদান করা অতিরিক্ত ত্রাণ স্বাস্থ্য বা নিরাপত্তা রক্ষা করার জন্য প্রয়োজনে ক্ষতিগ্রস্ত সম্পত্তি অবিলম্বে মেরামত করতে, এবং ছবি সহ ক্ষতির

যুক্তিসঙ্গত প্রমাণ দিয়ে দাবি জমা দিতে হবে, যাতে ব্যবসাগুলিকে একটি দাবি দায়ের করতে পুলিশ রিপোর্টের জন্য অপেক্ষা করতে হবে না। জরুরি বিধি মোতাবেক প্রযোজ্য বিমাকারীদের দ্বারা প্রদত্ত একটি নিরপেক্ষ মধ্যস্থতা প্রক্রিয়ার মাধ্যমে বিবাদ মেটানোর জন্য ক্ষুদ্র ব্যবসায়ী এবং ভোক্তাদের সুযোগ প্রদান করা হবে।

গভর্নর কুওমো আরো ঘোষণা দেন যে, এ বছর বিদ্যালয়গুলোতে ড্রাইভ-ইন এবং ড্রাইভ-থ্রু গ্রাজুয়েশন অনুষ্ঠান উদযাপনের অনুমতি দেওয়া হবে। পরবর্তী সময়ে স্টেট সামাজিকভাবে দূরত্ব রাখা বাহ্যিক অনুষ্ঠান শুরু করার বিষয়গুলি পুনঃপরীক্ষা করবে।

গভর্নর আরো ঘোষণা দেন যে, আগামী 22শে জুন স্টেট জুড়ে মেডিকেল স্কুলগুলো পুনরায় চালু করার অনুমতি দেওয়া হবে, যথাযথ সাবধানতা অবলম্বন করে, যাতে নিরাপদে এই গ্রীষ্মে এবং শরতে চিকিৎসা বিদ্যার ছাত্রদের নতুন কোহোর্টসদের স্বাগত জানানোর জন্য প্রস্তুত করা যায়।

একই সাথে গভর্নর আরও ঘোষণা করেছেন যে বিশ্বব্যাপী জনস্বাস্থ্য বিশেজ্ঞদের আঞ্চলিক তথ্য পর্যালোচনা করার পর, পুনরায় খোলার দ্বিতীয় ধাপে প্রবেশ করার পথে মিড-হাডসন ভ্যালী, মঙ্গলবার, 9ই জুন, এবং লং আইল্যান্ড 10ই জুন, নিজেদের বলবত রেখেছে।

"এই বিশ্বব্যাপী মহামারিতে আমাদের অবস্থান সম্পর্কে তাৎক্ষণিক ডেটা হল পরীক্ষণ, যা আমাদের এক দ্রুত স্ন্যাপশট প্রদান করে কতগুলি মানুষ সংক্রামিত হলেন তা সম্পর্কে," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের সংখ্যা প্রতিদিন কমছে, কিন্তু এখন আমাদের কাছে হাজার হাজার মানুষ রয়েছেন যারা রাজ্য জুড়ে বিক্ষোভ প্রদর্শন করছিলেন যার ফলে এই ভাইরাসের নতুন প্রসার ঘটতে পারে। আমরা এমন সব মানুষের জন্য পরীক্ষার ব্যবস্থা করব যারা রাজ্যব্যাপী প্রতিবাদ সমাবেশে যোগ দিয়েছিলেন এবং যে কোন ব্যক্তিকে দায়িত্বশীল হতে এবং পরীক্ষা করাতে উৎসাহ দেবো যিনি কোন বিক্ষোভে উপস্থিত ছিলেন।"

অবশেষে, গভর্নর আরও 1,048টি নতুন নভেল করোনাভাইরাসের ঘটনার কথাও নিশ্চিত করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেট জুড়ে নিশ্চিত ঘটনার সর্বমোট সংখ্যা দাঁড়াল 375,133টি। মোট 375,133 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	**মোট ইতিবাচক**	**নতুন ইতিবাচক**
Albany	1,930	10
Allegany	49	0
Broome	593	4
Cattaraugus	91	1
Cayuga	96	0
Chautauqua	95	6

Chemung	137	0
Chenango	133	0
Clinton	97	0
Columbia	400	1
Cortland	41	0
Delaware	82	0
Dutchess	3,962	11
Erie	6,308	74
Essex	38	0
Franklin	23	0
Fulton	215	2
Genesee	205	3
Greene	241	0
Hamilton	5	0
Herkimer	113	0
Jefferson	74	0
Lewis	20	0
Livingston	120	0
Madison	319	0
Monroe	3,081	33
Montgomery	96	2
Nassau	40,713	69
Niagara	1,085	18
NYC	205,406	534
Oneida	1,069	11
Onondaga	2,295	39
Ontario	218	3
Orange	10,471	11
Orleans	247	1
Oswego	112	0
Otsego	73	0
Putnam	1,268	4
Rensselaer	495	0
Rockland	13,280	21
Saratoga	493	4
Schenectady	701	0
Schoharie	51	0

Schuyler	12	0
Seneca	60	0
St. Lawrence	207	1
Steuben	245	2
Suffolk	40,153	91
Sullivan	1,405	12
Tioga	133	0
Tompkins	165	0
Ulster	1,704	3
Warren	256	0
Washington	238	0
Wayne	121	1
Westchester	33,767	76
Wyoming	87	0
Yates	39	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন